রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৭৫৲ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়.
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৪ঠা আশ্বিন বুধবার, ১৩৭৩ ইং 21st Sept 1966 { ১৮শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ডেন্টাল ক্লিনিক
ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেন্টাল সার্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৪ঠা আশ্বিন বুধবার সন ১৩৭৩ সাল।

## এক-এ শূন্য দশ

—•—

সৎকর্ম্মই হউক, আর অসৎকর্ম্মই হউক, সেই কর্ম্মের প্রবৃত্তি প্রথমে জন্মে একের মনে। তারপর যখন সেই কর্ম্ম অনেকের অনুমোদন পায়, তখন সেই অনুমোদনকারিগণের ক্ষমতা যতই কম হউক না কেন—একের পাশে শূন্য বসিলে যেমন ১০ হয়, দশের পাশে শূন্য বসিলে ১০০ হয়, এমনি একের শক্তির সঙ্গে বহুর শক্তি যুক্ত হয়ে অসাধ্য কার্য্যও সহজ সাধ্য হইয়া পড়ে।

এই জঙ্গিপুর মহকুমায় যতগুলি সৎ প্রতিষ্ঠান আছে সবগুলি দেখিলেই এই সত্যতা উপলব্ধি হইবে।

দাতব্য চিকিৎসালয়—বাংলার ভূতপূর্ব্ব ছোট-লাট সার এস্‌লি ইডেন সাহেব জঙ্গিপুর মহকুমায় এস্, ডি, ও, ছিলেন। তিনি যখন লাট সাহেব হইয়া জঙ্গিপুর পরিদর্শনে আগমন করেন, তাঁহার সম্মানার্থ আজিমগঞ্জের ধনকুবের স্বর্গীয় রায় বুধসিং দুধোরিয়া বাহাদুর ও তাঁহার কনিষ্ঠ সহোদর স্বর্গীয় রায় বিষণচাঁদ দুধোরিয়া বাহাদুর "ইডেন হাসপাতাল" নাম দিয়া এই চিকিৎসালয়ের গৃহ ও এখন যেখানে দেশবন্ধু পাঠাগার, সেইখানে "ইডেন ঘাট" নামক বাঁধা ঘাট নির্ম্মাণ করিয়া দেন।

জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়—জঙ্গিপুরে একটি মাইনর স্কুল ছিল। ১৮৮১ খৃষ্টাব্দে তৎকালীন মহকুমা হাকিম স্বর্গীয় অতুলচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের একান্ত চেষ্টায় স্থানীয় জমিদার বাবুদের অর্থব্যয় ও উদ্যোগে জঙ্গিপুর "অতুল স্কুল" নাম-করণে মাইনর স্কুল হাই স্কুলে উন্নীত হয়। বর্ত্তমানে আর "অতুল স্কুল" নাম শোনা যায় না, জঙ্গিপুর এইচ, ই, স্কুল নামে উক্ত বিদ্যালয় পরিচিত। এই স্কুল সেক্রেটারী ছিলেন স্বর্গীয় মনোমোহন সিংহ মহাশয়। তিনি ইংরাজী জানিতেন না। জানিতেন—স্কুল রাখিতেই হইবে। ছাত্রদত্ত বেতন আদায় না হইলে, নিজেই শিক্ষকগণের বেতন পরিশোধ করিয়া দিতেন। আদায় হইলে সেই টাকা লইতেন। ৺বৃন্দাবনবিহারী দেবের সেবাইত স্বর্গীয় রাখালদাস বড়াল মহাশয় যত বিদেশীয় হিন্দু গরীবের ছেলেদের ঠাকুর বাড়ীতে আহারের ব্যবস্থা করিয়া দিয়াছিলেন।

(১) ম্যাকেঞ্জি হল, জলাশয়, পার্ক। (২) সরাই-খানা নামক হিন্দু মুসলমানের পৃথক পান্থশালা। (৩) রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয় গৃহ। (৪) জঙ্গিপুর হাই স্কুলের হিন্দু হোষ্টেলের দ্বিতল প্রাসাদ এক এক জন মহকুমা ম্যাজিষ্ট্রেট পৃথক পৃথক সময়ে দানবীর স্বর্গীয় মহারাজা রাও সার যোগীন্দ্রনারায়ণ রায় কে-টি, সি-আই-ই, মহোদয়ের দ্বারস্থ হইবামাত্র তিনি একাকী সমস্ত ব্যয় বহন করেন। এমন কি কোন কোনটির মেরামত খরচারও স্থায়ী ব্যবস্থা করিয়া দিয়াছেন।

রঘুনাথগঞ্জ এম, ই, স্কুল—লণ্ডন মিশন সোসাইটীর রেভারেণ্ড জে, জইস্ "রঘুনাথগঞ্জ এল, এম, এস্, এম, ই, স্কুল নাম দিয়া এই বিদ্যালয় স্থাপনা করেন। এই বিদ্যালয়ের ছাত্রদত্ত বেতন বাদে যাবতীয় ব্যয়-ভার সোসাইটীই বহন করিত। মিশনারীরা এই বিদ্যালয় পরিত্যাগ করিলে, তদানীন্তন অন্যতম প্রধান উকিল স্বর্গীয় ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় প্রমুখ ভদ্রমহোদয়গণ এই বিদ্যালয়ের ভার গ্রহণ করেন। বিদ্যালয়ের নিজস্ব কোন গৃহ ছিল না। স্বর্গীয় লালবিহারী দাস (এস্, ডি, ও) ও স্বর্গীয় অনঙ্গ-মোহন লাহিড়ী (মুন্সেফ) মহোদয়দ্বয় দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বিদ্যালয়ের গৃহ নির্ম্মাণের জন্য অর্থ সংগ্রহ করেন। সেই অর্থ হইতে স্কুলের বর্ত্তমান গৃহ ক্রয় করা হয়। সুযোগ্য শিক্ষকগণের শিক্ষা-নৈপুণ্যে এই বিদ্যালয় সমশ্রেণীর স্কুলগুলির মধ্যে অন্যতম শ্রেষ্ঠ বিদ্যালয় বলিয়া পরিগণিত হয়।

১৯৪৭ এর জানুয়ারী হইতে তদানীন্তন মুন্সেফ শ্রীঅমলকুমার রায় মহাশয়ের ঐকান্তিক চেষ্টায় এবং স্থানীয় শিক্ষিত ও প্রধান জনগণের সহযোগিতায় এই বিদ্যালয়টিকে উচ্চ ইংরাজী বিদ্যালয়ে উন্নীত করা হয়।

---

## প্রাথমিক শেষ পরীক্ষা—১৯৬৬

আগামী ২২শে, ২৩শে ও ২৪শে নভেম্বর, ১৯৬৬ মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কেন্দ্রে নিম্নমুদ্রিত সময়ে প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হইবে।

| তারিখ | সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১টা | বৈকাল ২টা হ'তে ৩-৩০ মিঃ পর্য্যন্ত |
| --- | --- | --- |
| ২২শে নভেম্বর (মঙ্গলবার) | মাতৃভাষা | ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান |
| ২৩শে নভেম্বর (বুধবার) | গণিত | ইতিহাস |
| ২৪শে নভেম্বর (বৃহস্পতিবার) | সকাল ১০-৩০ মিঃ হ'তে বেলা ১২টা পর্য্যন্ত ইংরাজী | |

---

## জঙ্গিপুর মহাবিদ্যালয় সন্তরণ প্রতিযোগিতা

অন্যান্য বৎসরের ন্যায় এবারেও ভাগীরথী নদীতে জঙ্গিপুর মহাবিদ্যালয়ের সন্তরণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। প্রতিযোগিগণের মধ্যে নিম্নের তিনজন প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করিয়া কৃতিত্বের পরিচয় দিয়াছে।

শ্রীবামাপদ দাস—প্রথম
শ্রীরবীন্দ্রকুমার পণ্ডিত—দ্বিতীয়
শ্রীমৃগাঙ্কশেখর ভট্টাচার্য্য—তৃতীয়

---

## শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা পূজা

পূর্ব্বাপূর্ব্ব বৎসরের মত এবারও রঘুনাথগঞ্জ-জঙ্গিপুর শহরে ও পল্লীগ্রামের অনেক স্থানে নানা শিল্প প্রতিষ্ঠানে দেবশিল্পী শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা দেবের পূজার্চ্চনা সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে। রঘুনাথগঞ্জে শ্রীরামপদ চন্দ্র মহাশয়ের দোকানের সম্মুখে বিশ্বকর্ম্মা পূজা উপলক্ষে এক রাত্রি যাত্রাগান হইয়াছে।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

সম্প্রতি রঘুনাথগঞ্জের চাউলের আড়তসমূহে প্রতি কেজি ১'০০ টাকা হইতে ১'২৫ পয়সা দরে চাউল বিক্রয় হইতেছে।

---

## প্রাপ্ত

সম্পাদক,

"জঙ্গিপুর সংবাদ" সমীপেষু—

মহাশয়,

গত ২৮শে ভাদ্র তারিখের 'জঙ্গিপুর সংবাদে' "রিক্সা চালকদের যথেচ্ছাচার" শীর্ষক সংবাদটির প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে।

রিক্সা চালকদের ব্যবহার সম্পর্কে আপনারা আলোচনা করিয়াছেন ইহা সুখের বিষয়। এ সম্পর্কে কয়েকটি কথা আপনাদের পত্রিকা মারফৎ আমরা জনসাধারণকে জানাইতে চাই। রাত্রির ট্রেণে জঙ্গিপুর রোড ষ্টেশনে এবং সিনেমা হলের নিকটে অনেক রিক্সাচালক যাত্রীদের সহিত অসদ্ব্যবহার করে। আমরা ইউনিয়নের পক্ষ হইতে দ্ব্যর্থহীন ভাষায় ইহার নিন্দা করিতেছি এবং এই অন্যায় জুলুম বন্ধ করার জন্য আমরা জনসাধারণের সহিত সর্বপ্রকার সহযোগিতা করিতে ইচ্ছুক। স্থানীয় মহকুমা শাসক ও পৌর কর্ত্তৃপক্ষকেও একথা জানান হইয়াছে।

কিন্তু সঙ্গে সঙ্গে এ কথাও আমরা মনে করি যে ১৪। ১৫ বৎসর আগে রিক্সার যে ভাড়া নির্দ্ধারণ করা হইয়াছিল বর্ত্তমানে তাহা কিছু বাড়ান উচিত। এই সময়ের মধ্যে রেলের ভাড়া ৩।৪ বার বাড়িয়াছে, অন্যান্য যানবাহনের ভাড়াও বাড়িয়াছে। 'পাট-মনিষের' মজুরী বাড়িয়াছে। রিক্সার মেরামতী খরচা বাড়িয়াছে। নিত্যপ্রয়োজনীয় সকল জিনিসের দাম বহুগুণ বাড়িয়াছে। রিক্সা চালকদের যে আয় হয় তাহাতে বর্ত্তমানে অর্দ্ধাশনে থাকা ছাড়া তাহাদের গত্যন্তর নাই। কাজেই ন্যায় সঙ্গতভাবে তাহাদের ভাড়া কিছু বাড়া উচিত। পৌরকর্ত্তৃপক্ষ ও স্থানীয় মহকুমা শাসকের দৃষ্টি আমরা এদিকে আকর্ষণ করিয়াছি। আইন সঙ্গতভাবে এই ভাড়া বৃদ্ধির জন্য আমরা চেষ্টা করিতেছি। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত ভাড়ার হার পুনর্নির্দ্ধারিত না হয় ততক্ষণ বেশি ভাড়া আদায় করিতে আমরা নিষেধ করিয়াছি। রিক্সার ভাড়া আইনতঃ কিছু বাড়ুক ইহা আমরা চাই, কিন্তু যাত্রী সাধারণের উপর জুলুম করিয়া বেশি আদায় করা হউক ইহা কোন সময়েই ইউনিয়নের কাম্য নয়।

পরিশেষে রোদ-জল-বৃষ্টিতে মাথার ঘাম পায়ে ফেলিয়া এবং আধপেটা খাইয়া যে রিক্সাচালকগণ বাঁচার জন্য লড়াই করিতেছে তাহাদের সম্পর্কে সহৃদয় মনোভাব লইয়া এই সমস্যা সমাধানের জন্য আমরা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করিতেছি। নমস্কারান্তে

বিনীত—

শ্রীবরুণ রায়, সম্পাদক

৩০শে ভাদ্র, ১৩৭৩ রঘুনাথগঞ্জ

---

### নূতন মুন্সেফ বাবু

জঙ্গিপুর মুন্সেফী আদালতের দ্বিতীয় কোর্টের মুন্সেফ শ্রীঅমরনাথ সাহা মহাশয় অন্যত্র বদলী হওয়ায় তাঁহার স্থানে শ্রীহরিরাম কে গাজরা মহাশয় কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মুন্সেফ বাবুকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। 'অয়মারম্ভ শুভায় ভবতু'।

---


## বিজ্ঞাপন

গত ২৯শে ভাদ্র, ১৩৭৩ অন্যায় আক্রোশের বশবর্ত্তী হইয়া অনুপপুর গ্রামের ৮।১০ জন দুর্বৃত্ত আমাদের পুকুরের পাড়ে তিল বপন করিতে গেলে পাঁচখানি লাঙল হইতে খুলিয়া আমার পাঁচ জোড়া মোষ জোর করিয়া নিজ গ্রামের দিকে লইয়া যায়। পরে খোঁয়াড়ে দিয়াছে শুনিয়া মির্জাপুর খোঁয়াড় হইতে ঐ দিন গত রাত্রে আমি নয়টি মোষ উদ্ধার করি। একটি মোষ তারা আদৌ খোঁয়াড়ে দেয় নাই; এবং এখনও নিখোঁজ। খোঁয়াড়ের ইজারাদার ও জনসাধারণের কাছে আমার অনুরোধ যে, যদি কেহ নিম্নবর্ণিত আমার নিখোঁজ মোষটির খবর আমাকে নিম্ন ঠিকানায় জানান তবে আমি বড়ই উপকৃত হইব। মোষের রঙ কাল। শিঙ মধ্যমাকৃতি ও ঘোরান। লেজের প্রায় অর্দ্ধাংশ সাদা। নূতন জোয়ান মোষ। মধ্যমাকৃতি। ইতি—

বিনীত—বাকের আলি

গ্রাম নাচনা, পোঃ রমণা সেখদীঘি, মুর্শিদাবাদ।


---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১৮৩/৬৬ অন্য মোকর্দ্দমা

বাদী—মৌলভী আবদুল রব পিতা মৃত এসরাইল সাং দোহিতপুর থানা ফরাক্কা

বিবাদী—১। সামছুরিমান সেখ নাবালক পক্ষে অলিমাতা ও স্বয়ং ২। এবরাসন বেওয়া স্বামী মৃত উসমান সেখ ৩। নওরাস বিবি স্বামী মৃত লোকমান সেখ সাং ফরিদপুর থানা বারহারোয়া

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে উক্ত বাদী অত্রাদালতে থানা ফরাক্কা মৌজে দোহিতপুর মধ্যে খং নং ৩৭২ দাগ নং ৪৬৭ পরিমাণ ২৯ শতক ভূমির বাবত স্বত্ব থাকা সাব্যস্থে চিরস্থায়ী নিষেধাজ্ঞা ও বর্ত্তমান রিভিসন্যাল রেকর্ড ভ্রমাত্মক সাব্যস্থে ও উহা সাধারণের ব্যবহার্য্য মৃত গো মহিষের রক্ষার স্থান সাব্যস্থে দেঃ কাঃ আইনের অর্ডার ১ রুল ৮ মতে মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। ইহাতে যদি কাহারও কোন আপত্তি থাকে আগামী ১৯৬৬ সালের ৩০।৯ তারিখে দর্শাইবেন। সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল। অদ্য ১৯৬৬ সালের ৩০।৮ তারিখে আমার স্বাক্ষর ও মোহরযুক্তে দেওয়া হইল।

By Order

H. K. Roy, Sheristadar,

2nd. Munsif's Court, Jangipur.

---


### উৎকৃষ্ট ধানী জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মণ্ডলপুর ও সেনুডা জামুয়ার মৌজায় ক্যানেলের সেচ পাওয়া আনুমানিক ৭৫ পঁচাত্তর বিঘা ধানী জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল

প্রধান, জামুয়ার অঞ্চল পঞ্চায়ত

মণ্ডলপুর, পোঃ বাড়ালা (মুর্শিদাবাদ)


---


### জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ সিভিল কোর্টের নিকটে হরিদাসনগরে আমার বাসবাটীর সংলগ্ন গৃহ নির্ম্মাণ উপযোগী জমি বিক্রয় হইবে।

শ্রীবঙ্কিমচন্দ্র নাথ,

রঘুনাথগঞ্জ হরিদাসনগর





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

ভারতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং **বহুমুখী বিদ্যালয়ের** যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ,** গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

**রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়**

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।